গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
কুমিল্লা সরকারি কলেজ
পুলিশ লাইন, কুমিল্লা।
টেলিফোন: ০৮১-৬৮৪১৩ (অধ্যক্ষ) ০৮১-৬৫৯৬৮ (অফিস)
ই-মেইল: comillacollegebd@yahoo.com, ওয়েবসাইট: www.cgcc.edu.bd
কলেজ কোড: শিক্ষা মন্ত্রণালয়-০১১১, জাতীয় বিশ্ববিদ্যালয়-৩৭০২, কুমিল্লা শিক্ষা বোর্ড-৭৭৭৫, EIIN : ১০৫৮২৪

তারিখ ঃ ২২/০৭/২০২৬

২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি কার্যক্রমে ১ম রিলিজ স্লিপের মেধা তালিকায় ভর্তির বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে অত্র কলেজে ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি কার্যক্রমে ১ম রিলিজ স্লিপের মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের ভর্তির যাবতীয় তথ্য নিম্নে দেয়া হলো।

১। শিক্ষার্থীকে **২২/০৭/২০২৬ হতে ০১/০৮/২০২৬** তারিখের মধ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের (**www.nu.ac.bd/admissions**) **Applicant Login** অপশনে **Honours Login** লিংকে গিয়ে সঠিক **Application ID** ও পিন এন্ট্রি দিয়ে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ করে এর প্রিন্ট কপি নিতে হবে।

২। বিষয় অনুযায়ী ভর্তির নির্ধারিত ফি

https://billpay.sonalibank.com.bd/CollegeFee/Payment/Admission?eiin=105824

লিংকে প্রবেশ করে **Honours** এবং **St. Year* 1st** সিলেক্ট করে **Admission Roll** টাইপ করে সার্চ বারে ক্লিক করলে আবেদনকারীর নাম, বিষয় ও টাকার পরিমাণ প্রদর্শন করবে। মোবাইল নম্বর সঠিকভাবে পূরণ করে ফি পরিশোধ করতে হবে। ফি পরিশোধের পর প্রাপ্ত Payment Slip প্রিন্ট করে জমা দিতে হবে।

ভর্তির তারিখ: ২৩/০৭/২০২৬ হতে ০২/০৮/২০২৬ খ্রি: পর্যন্ত

৩। ভর্তি ফি ঃ

বিবরণ	বাংলা, ইংরেজি, রাষ্ট্রবিজ্ঞান, হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা বিভাগ	গণিত বিভাগ
জাতীয় বিশ্ববিদ্যালয়ের ফিসহ ভর্তি ফি	৪,৭৮০.০০	৫,০১৫.০০
সেমিনার ফি	১,৮০০.০০	২,৪০০.০০
সর্বমোট	৬,৫৮০.০০ (ছয় হাজার পাঁচশত আশি টাকা মাত্র)	৭,৪১৫.০০ (সাত হাজার চারশত পনের টাকা মাত্র)

৪। নিম্নে বর্ণিত কাগজপত্রাদি সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে :

(ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট হতে ডাউনলোডকৃত ভর্তির চূড়ান্ত আবেদন ফরম
(খ) স্নাতক (সম্মান) ১ম বর্ষ ভর্তির প্রাথমিক আবেদন ফরমের মূলকপি
(গ) এসএসসি ও এইচএসসি/সমমান পরীক্ষা পাসের নম্বর পত্র ও প্রশংসা পত্রের কপি এবং প্রত্যেকটির ০২টি করে ফটোকপি
(ঘ) সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ০৪ কপি রঙ্গিন ছবি
(ঙ) ভর্তি ফি এর জমাকৃত **Payment Receipt** এর প্রিন্ট কপি

বিঃ দ্রঃ কোন শিক্ষার্থী ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ভর্তি হয়ে থাকলে, তার দ্বৈত ভর্তি অবশ্যই ২৮/০৭/২০২৬ তারিখের মধ্যে বাতিল করে ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষের চূড়ান্ত ভর্তি ফরম পূরণ করতে হবে। অন্যথায় দ্বৈত ভর্তির কারণে তার ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

৫। ০৯ আগস্ট ২০২৬ তারিখ থেকে ক্লাস শুরু হবে।

২২-০৭-২০২৬
প্রফেসর আবুল হাছানাত মোঃ মাহবুবুর রহমান (৩৫৩৭)
অধ্যক্ষ
কুমিল্লা সরকারি কলেজ, কুমিল্লা

২২-০৭-২০২৬
প্রফেসর মোঃ আমিনুল ইসলাম
আহবায়ক
২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি কমিটি
কুমিল্লা সরকারি কলেজ, কুমিল্লা